



ফের আলোচনায় বেনজীরের রূপগঞ্জের ১০ কোটি টাকার ডুপ্লেক্স



ছবি: সংগৃহীত

দুবাইয়ে সাবেক আইজিপি বেনজীর আহমেদ গ্রেপ্তারের খবর প্রকাশের পর আবারও আলোচনায় এসেছে নারায়ণগঞ্জের রূপগঞ্জে থাকা তার একটি বিলাসবহুল ডুপ্লেক্স বাড়ি। দুর্নীতি সংক্রান্ত মামলার তদন্তের অংশ হিসেবে বাড়িটি আগেই আদালতের নির্দেশে জব্দ করা হয়েছিল।

পূর্বাচল সংলগ্ন আনন্দ হাউজিং এলাকার প্রায় ২৪ কাঠা জমির ওপর নির্মিত বাড়িটি স্থানীয়ভাবে ‘সাবানা ইকো রিসোর্ট’ নামে পরিচিত। এলাকাসীরা দাবি, সম্পত্তির বাজারমূল্য প্রায় ১০ কোটি টাকার কাছাকাছি।

দুদকের আবেদনের পর আদালত ২০২৪ সালে সম্পত্তি জব্দের নির্দেশ দেন। পরে জেলা প্রশাসন ও সংশ্লিষ্ট কর্তৃপক্ষ যৌথভাবে বাড়িটির দখল বুঝে নেয় এবং এর তদারকির দায়িত্ব প্রশাসনের কাছে ন্যস্ত করা হয়।

বর্তমানে বাড়িটি সরকারি তত্ত্বাবধানে রয়েছে। সম্পত্তির নিরাপত্তা নিশ্চিত করতে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হয়েছে বলে সংশ্লিষ্ট সূত্র জানিয়েছে।

উল্লেখ্য, বেনজীর আহমেদ ও তার পরিবারের নামে থাকা বিভিন্ন সম্পদের বিষয়ে তদন্ত চলমান রয়েছে। এরই অংশ হিসেবে একাধিক স্থাবর ও অস্থাবর সম্পত্তির ওপর আদালতের জব্দদেশ কার্যকর করা হয়েছে।